10044/47

I-09173/13

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000

पाँच हजार रुपये

Rs.5000

FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL

A 996045

8-17138/11

visit cos 1401692/13

Certified that the document is admitted to registration. The signature sheet and endorsement sheets attached to this document are the part of this document.

Additional District sub-Registrar
Cossipore, Dum Dum, North 24 Pgs

02 AUG 2013

For Self and as Natural Guardian of Minor Son Avishek Bhadra

Abhijit Bhadra

## ঃঃ স্থাবর সম্পত্তির শুভ দানপত্র ঃঃ

দানপত্র গ্রহীতাদ্বয় ঃঃ

১) শ্রী অভিজিৎ ভদ্র পিতা শ্রী বিমল চন্দ্র ভদ্র, ধর্ম্মে- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, পেশা- ব্যবসা,

২) নাবালক অভিষেক ভদ্র পিতা শ্রী অভিজিৎ ভদ্র, ধর্ম্মে- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, পেশা- ছাত্র, উক্ত নাবালকের পক্ষে স্বাভাবিক গার্জ্জেন পিতা ১ নং গ্রহীতা শ্রী অভিজিৎ ভদ্র পিতা শ্রী বিমল চন্দ্র ভদ্র, উভয়ের সাকিন- ৮ নং ইষ্ট বেলঘরিয়া ফাষ্ট লেন, পোষ্ট অফিস- নন্দন নগর, থানা- নিমতা, কলিকাতা- ৭০০ ০৮৩, জেলা উত্তর ২৪ পরগনা, হাল সাকিন- ৯২ নং এস. বি. রায়চৌধুরী রোড, পোষ্ট অফিস- নন্দন নগর, থানা- নিমতা, কলিকাতা- ৭০০ ০৮৩, জেলা উত্তর ২৪ পরগনা ॥

ক্রমিক নং 6065 তারিখ 31-7-2013

মূল্য : 5000

ক্রেতা : Abhijit Bhadra & Amit

ঠিকানা : 92, S.B. Roy Chowdhury Road, P.S. - Nimta, Kol-83.

মারফত : Ranjita Paul

লাইসেন্স প্রাপ্ত স্ট্যাম্প ভেন্ডার

কাশিপুর দমদম এ.ডি.এস.আর. অফিস

কি

ভেন্ডারের নামঃ - রঞ্জিতা পাল

ট্রেজারির নাম :- ব্যারাকপুর

টি ডি নং :- 30 JUL 2013

স্ট্যাম্প খরিদের তারিখ

ঐ টি. ডি. নং ও টাকা 280000

স্ট্যাম্প খরিদ 2A0999 A

Abhijit Bhadra 01/8/13



S.T. 4861

Abhijit Bhadra



S.T. 4862

বিক্রেতা উঃ ৩৮

SEAL OF THE ADDITIONAL DISTRICT SUB-REGISTRAR, COSSIPORE

Addl. District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24 Pgs. (N)
01 AUG 2013

AMIT CHAKRABORTY
S/o Late Brojeswar Chakraborty
59, East Belgharia bye lane
Kol-700083. Business

Present before me
Abhijit Bhadra
For Self and as Natural Guardian of Minor
Avishek Bhadra

**দানপত্র দাতা ঃঃ**

শ্রী বিমল চন্দ্র ভদ্র পিতা স্বর্গীয় জগবন্ধু ভদ্র, ধর্মে- হিন্দু, জাতিয়তা- ভারতীয়, পেশা- অবসরপ্রাপ্ত ব্যবসায়ী, সাকিন- ৮ নং ইষ্ট বেলঘরিয়া ফাষ্ট লেন, পোষ্ট অফিস- নন্দন নগর, থানা- নিমতা, কলিকাতা- ৭০০ ০৮৩, জেলা উত্তর ২৪ পরগনা ॥

কস্য নিম্নের তপশীল বর্ণিত চৌহদ্দীস্থিত ও অত্র সাথ সংযুক্ত নকশায় লাল বর্ণের সীমারেখা দ্বারা প্রদর্শিত কমবেশী ৩ তিন কাঠা ২ দুই ছটাক জমি সায় তদুপরিস্থিত দ্বিতল যাহার একতলে ৭০০ বর্গফুট ও দ্বিতলে ৮০০ বর্গফুট কর্ভারড এরিয়ার পুরাতন গৃহাদী সায় উক্ত সম্পত্তির পশ্চিম পার্শ্বে পৌরসভার রাস্তা ব্যবহারের যাবতীয় স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক সম্পত্তির শুভ দান পত্র মিদং কার্য্যঞ্চাগে ঃঃ-

জেলা উত্তর ২৪ পরগনা, থানা- সাবেক দমদম হাল নিমতা, সাব রেজিষ্ট্রী অফিস মোং এ্যাডিসনাল ডিষ্ট্রীকট সাব রেজিষ্ট্রার কাশীপুর দমদমের অন্তর্গত কলিকাতা পরগণাস্থিত উত্তর দমদম পৌরসভার সাবেক ৭ হাল ৮ নং ওয়ার্ডের ৮ (৩) নং হোল্ডিং ভুক্ত ইষ্ট বেলঘরিয়া ফাষ্ট লেন, কোলকাতা- ৭০০ ০৮৩ প্রেমিসেসস্থিত মৌজা দক্ষিন নিমতা গ্রামে, জেঃ এলঃ নং- ৮, রেঃ সাঃ নং- ১০২, তৌজি নং ১৭২ জেঃ খঃ নং ৪২৭, ক, খ, প্রজার খতিয়ান নং- ৪২৮ রায়ত মোকররী স্বত্বীয় অধিঃ খং নং ৪২৯ অন্তর্গত মালিক ৭৭ নং হাজরা রোড, ভবানীপুর নিবাসী শ্রীযুক্ত পতাকি চরণ রায়চৌধুরী ও আড়িয়াদহ নিবাসী শ্রীযুক্ত বঙ্কিম চন্দ্র শ্রীমানী মহাশয় দীং অধিকারে রায়ত মোকররী স্বত্বীয় সামিল বেলঘরিয়া মৌজা সহ মোট ৩.০৩ শতক জমির কাত বার্ষিক ২৫, টাকা জমার মধ্যে বিক্রয় করা বাদে বক্রী ৫৩৬৫/৫৩৭২ নং দাগভুক্ত ১.২১ শতক জমি যাহা আসমত মন্ডলের বহুদিনের স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে ॥ উক্ত আসমত মন্ডল জীবিত থাকা অবস্থায় তিনি উপরোক্ত সম্পত্তির মধ্যে ৫৩৬৫ নং দাগ ভুক্ত সম্পত্তি প্রজাবিলি থাকায় বিগত ইংরাজী ২১/০২/১৯৪১ তারিখে ৪২০ নং একক্তো রেজিষ্ট্রীকৃত সাফ কোবালার দ্বারা বায়া বেলাত গাজী দীং নিকট হইতে

Abhijit Bhadra
For Self and as Natural
Guardian of Minor Son
Avishek Bhadra



তাহাদের প্রজাই স্বত্ব খরিদ করতঃ খাস দখলে আনিয়া সমুদয় সম্পত্তি খাসে ভোগ দখলীকার থাকেন॥

অনন্তর উক্ত আসমত মন্ডল উক্ত সম্পত্তিতে খাসে ভোগ দখলীকার থাকাকালীন বিগত ইংরাজী ১৯৪৯ সালের ১০ ই ফেব্রুয়ারী তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের বুক নং- ১, ভলিউম নং- ১০, ২০৩ হইতে ২০৫ নং পাতায় নকলকৃত ৫৩৩ নং ফর দি ইয়ার ১৯৪৯ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত হেবা বিল এওয়াজ নামার দ্বারা উপরোক্ত ২৫ টাকা জমাভুক্ত ২.৭৯ শতক জমি তাঁহার পুত্র আলাউদ্দিন মন্ডলকে হেবা করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন॥ তৎপর সালাউদ্দিন হেবা সুত্রে প্রাপ্ত উক্ত সম্পত্তিতে খাসে ভোগ দখলীকার থাকা অবস্থায় উক্ত জমি প্লট প্লট করিয়া বিক্রয় করিবার ঘোষনা প্রকাশ ও প্রচার করিলে আমি অত্র দানপত্র দলিলের দানপত্র দাতা শ্রী বিমল চন্দ্র ভদ্র উক্ত সিঃ এসঃ ৫৩৬৫ নং দাগের অংশে কমবেশী ৩ তিন কাঠা ২ দুই ছটাক জমি মায় প্যাসেজের যাবতীয় স্বত্বাদি সহ আমাকে বিগত ইংরাজী ২১/১২/১৯৫৩ তারিখে কাশীপুর দমদম সাবরেজিষ্ট্রী অফিসের ১ নং বহি ৮৮ নং ভলিউমে ১৪৮ হইতে ১৫০ নং পাতায় নকলকৃত ৭১২১ নং নং ফর দি ইয়ার ১৯৫৩ তারিখে এককেতা রেজিষ্ট্রীকৃত সাফ কোবালা দলিল মূলে আমাকে সাফ বিক্রয় করিয়া নিঃস্বত্ব ও দখলচ্যুত হয়েন॥

অতঃপর আমি অত্র দানপত্র দলিলের দাতা উক্ত খরিদা সম্পত্তি খাসে স্বত্ববান ও ভোগ দখলীকার থাকা কালীন হাল রিভিসন্যাল সেটেলমেন্ট জরীপে আমার খরিদা কমবেশী .০৬ শতক যাহা বাংলা মাপে ৩ তিন কাঠা ২ দুই ছটাক ডাঙ্গা জমি আর. এস. ৫৩৬৫/৮০৫৮ নং দাগ উল্লেখে আর. এস. ৪২৮ নং খতিয়ানে আমার নাম বরাবর রেকর্ডে লিপিবদ্ধ হইয়া তাহার ফাইনাল পাব্লিকেশান হইয়া যায়॥ তৎপর আমি অত্র দলিলের দানপত্র দাতা উক্ত আর. এস. ৫৩৬৫/৮০৫৮ নং দাগে .০৬ শতক যাহা স্থানীয় বাংলা মাপে কমবেশী ৩ তিন কাঠা ২ দুই ছটাক জমি ভোগ দখলীকার থাকা অবস্থায় স্থানীয় উত্তর দমদম পৌরসভায় আমার নিজ নাম পত্তন পুর্ব্বক ধার্য্যকৃত ট্যাকসাদি ও খাজনা আদায় দিয়া আসিতে থাকা অবস্থায় উক্ত জমির উপর একতল গৃহাদী ও পরবর্ত্তীকালে উক্ত সংস্থা হইতে দ্বিতল গৃহাদীর নকশা অনুমোদন পুর্ব্বক উক্ত সম্পত্তিতে দ্বিতল গৃহাদী নির্ম্মানে অদ্যাবধি অপরের বিনা স্বত্ব সংশ্রবে নির্ব্বিবাদে নির্ব্যূঢ় স্বত্বে

(signature) Abhijit Bhadra
For Self and as Natural Guardian of Minor son Avishek Bhadra



খাসে স্বত্ববান ও ভোগ দখলীকার বিদ্যমান আছি॥ যাহাতে আমার দান, বিক্রয়, সর্ব্ব প্রকার হস্তান্তরের উত্তম স্বত্ব বিদ্যমান আছে॥

এক্ষনে আমি বার্দ্ধক্যে উপণীত হইয়াছি॥ আমার বর্ত্তমান বয়স প্রায় ৮৮ বৎসর॥ শরীর নানা প্রকার রোগে জরাজীর্ণ কখন মৃত্যুর করাল গ্রাসে পতিত হই তাহার কোন নিশ্চয়তা নাই॥ সেকারনে বিষয় সম্পত্তিতে নিজেকে জড়িত না রাখিয়া আপনস্হ হইতে চাই॥

বর্ত্তমানে আমার সংসার ভুক্ত॥ আমার একমাত্র পুত্র শ্রী অভিজিৎ ভদ্র ও চার কন্যাগন যথাক্রমে ১) শ্রীমতী লক্ষ্মী পাল, স্বামী স্বর্গীয় শ্রীপতি রঞ্জন পাল, ২) শ্রীমতী বানী দাস স্বামী শ্রী দিলীপ কুমার দাস, ৩) শ্রীমতী শিবানী চৌধুরী স্বামী শ্রী সমীর চৌধুরী, ও ৪) শ্রীমতী সর্ব্বানী ঘোষ স্বামী শ্রী রাম প্রসাদ ঘোষ বর্ত্তমান॥ আমার স্ত্রী শ্রীমতী রেখা ভদ্র বিগত ইংরাজী ২৭/০২/২০১৩ তারিখে পরলোক গমন করিয়াছেন॥ কন্যাদের বিবাহের সময় আমি নানা প্রকার যৌতুকাদি, অলঙ্কারাদি ও প্রচুর অর্থ ব্যয় করিয়া তাহাদের সৎ পাত্রে বিবাহ দিয়াছি॥ ইহা ছাড়াও তাহাদের পরবর্ত্তী কালে আমার সঞ্চিত অর্থ হইতে তাহাদের সকলের নামে কিষান বিকাশ পত্র কিনিয়া দিয়াছি॥ তাহারা সকলে স্বামী গৃহে সন্তান সন্ততি লইয়া পরম সুখে জীবন যাপন করিতেছে॥ তাহাদের কোন অভাব অনটন নাই॥ সেইহেতু আমি আমার কন্যাদের নাম বরাবর কোন সম্পত্তি দান করিলাম না॥

অত্র দানপত্র দলিলের ১ নং দানপত্র গ্রহীতা তুমি অত্র দানপত্র দাতার একমাত্র পুত্র হইতেছ॥ তোমার জন্মের পর হইতে আমি তোমাকে লালন পালন করিয়া শিক্ষা দীক্ষায় বড় করিয়া তুলিয়াছি॥ পিতা হইয়া পুত্রের প্রতি যাহা কর্ত্তব্য তাহা করিয়া আসিতেছি॥ পক্ষান্তরে তুমিও আমাকে যথেষ্ঠ ভক্তি, শ্রদ্ধা, ভরন পোষন, রোগে চিকিৎসা প্রভৃতি করিয়া আসিতেছ॥ তোমার এইরুপ দায়িত্ব ও কর্ত্তব্যে আমি অন্যন্ত মুগ্ধ ও প্রীত॥ আশা করি যতদিন জীবিত থাকিব ততদিন তোমার কর্ত্তব্যে কর্মে কোনরুপ আবহেলা হইবে না ইহাতে আমার দৃঢ় বিশ্বাস জন্মাইয়াছে এবং ২ নং দানপত্র গ্রহীতা তুমি আমার আদরের নাতি হইতেছ, তুমি আমাকে যথেষ্ঠ ভক্তি, সেবা শুশ্রবা করিয়া আসিতেছ॥ পক্ষান্তরে আমিও তোমাকে যথেষ্ঠ স্নেহ মমতা ভালোবাসা করিয়া আসিতেছ, দাদু ও নাতির মধ্যে যেরুপ

Abhijit Bhadra
For Self and as Nat…
Guardian of Minor S…
Avishek Bhadra



সম্পর্ক থাকা উচিৎ তাহা অপরিবর্ত্তিত আছে॥ আশা করি ভবিষ্যতেও তাহা থাকিবে॥ সেকারণে তোমাদের ভবিষ্যতের কথা চিন্তা করিয়া "স্নেহের নিদর্শন স্বরুপ" তোমাদের সুষ্ঠ বসবাসের সুবিধার্থে আমার স্বত্ব দখলীয় "জগবন্ধু ধাম" নামে পরিচিত নিম্নের তপশীল বর্ণিত চৌহদ্দীস্হিত ও অত্র সাথ সংযুক্ত নকশায় লাল বর্ণের সীমারেখা দ্বারা প্রদর্শিত ও বেষ্টিত কমন প্যাসেজের অংশ সহ কমবেশী ৩ তিন কাঠা ২ দুই ছটাক জমি সায় তদুপরিস্হিত পুরাতন দ্বিতল গৃহাদি যাহার একতলে ৭০০ বর্গফুট ও দ্বিতলে ৮০০ বর্গফুট কভারর্ড এরিয়ার গৃহাদী সায় উক্ত সম্পত্তির পশ্চিম পার্শ্বে ১৪-০ ফুট পৌরসভার রাস্তা ব্যবহারের যাবতীয় স্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক সম্পত্তি তোমরা অত্র দানপত্র গ্রহীতাদ্বয় শ্রী অভিজিৎ ভদ্র ও নাবালক অভিষেক ভদ্র তোমাদিগকে সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্হায় দান করিয়া দিলাম এবং উক্ত দানকৃত সম্পত্তি হইতে এককালিন চিরনিঃস্বত্ব ও দখলচ্যুত হইলাম এবং উক্ত সম্পত্তি তোমাদিগকে খাস দখল প্রদান করিলাম এবং তোমরাও আমার উক্ত দান বিনা দ্বিধায় সানন্দে গ্রহন করিলে॥

অত্র দানপত্র গ্রহীতাদ্বয় তোমরা অদ্যকার তারিখ হইতে অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাবতীয় স্বত্বে সম্পূর্ণ স্বত্ববান, ভোগবান, মালিক দখলীকার হইয়া আমার অবর্ত্তমানে দান, বিক্রয়, বন্ধক প্রভৃতি যাবতীয় হস্তান্তর করণের ক্ষমতা যুক্তে পূর্ণ মালিকানা প্রাপ্ত হইয়া পুত্র, পৌত্রাদি ওয়ারিশান ও স্হলাভিষিক্ত গনক্রমে যদৃচ্ছা ভাবে পরম সুখে ভোগদখল করিতে পরিবে এবং স্হানীয় উত্তর দমদম পৌরসভায় ও বি. এল. এন্ড এল. আর. সোদপুর অফিসে আমার নামের পরিবর্ত্তে তোমাদের নিজ নিজ নাম পত্তন পূর্ব্বক ধার্য্যকৃত ট্যাকস ও খাজনাদি আদায় দিয়া উক্ত সম্পত্তিতে এডিসন, অলটারেশান ও নিউ কনষ্ট্রাকশান পূর্ব্বক পরবর্ত্তী ওয়ারিশান, স্হলাভিষিক্ত গনক্রমে পরম সুখে ভোগদখল করিতে পারিবে, তাহাতে কস্মিন কালেও আমি বা আমার কন্যাগন বা তাহাদের পরবর্ত্তী ওয়ারিশান ও স্হলাভিষিক্ত গনক্রমে কেহ কোন প্রকার দাবী দাওয়া বা ওজর আপত্তি করিতে পারিব না বা পারিবেক না, করিলে বা করিবার চেষ্টা করিলে তাহা সর্ব্বত্র সর্ব্ব আদালতে বাতিল, নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে॥ অর্থাৎ অত্র দানকৃত সম্পত্তিতে আমার যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, লাভ, লভ্য, দখল, অধিকার, হক, হকিয়ৎ ইজমেন্ট অধিকারাদি ছিল বা আছে, তৎ সমুদয় অদ্য হইতে সম্পূর্ণ

Abhijit Bhadra
For Self and as Natural
Guardian of Minor Son
Avishek Bhadra

রুপে রদ, ও রহিত হইয়া অত্র দানপত্র দলিলের বলে তোমাদিগতে সম্পূর্ণরুপে বর্ত্তিল ॥ তোমরাও অত্র দানকৃত সম্পত্তি সাদরে গ্রহন করিলে ॥

প্রকাশ থাকে যে, উক্ত দানকৃত সম্পত্তি আমি ইতি পূর্ব্বে কোথায়ও কোন প্রকার দান, বিক্রয়, বন্ধক বা কোন প্রকার হস্তান্তরদি করি নাই বা উহা কোন আদালত কর্ত্তৃক ক্রোকাবদ্ধ নাই বা কাহারও জামিন দায়ে আবদ্ধ অবস্হায় নাই বা উহা কোন দেব সেবায় বা ট্রাষ্ট ফান্ডে অর্পিত হয় নাই বা উক্ত সম্পত্তিতে কোন শরীক বা অংশীদার নাই বা উহাতে কোন লিসপেনডেন্সের দোষ নাই বা উহা কোন সরকারী বা বেসরকারী সংস্হা কর্ত্তৃক রিকুইজিশান বা এ্যাকুইজিশান অবস্হায় নাই ॥ উহা সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্হায় রহিয়াছে এবং তদাবস্হায় তোমাদিগকে দান করিলাম ॥

অত্র দানপত্র দলিলে কোন প্রকার ভুল-ভ্রান্তি থাকা প্রকাশিত হইলে তৎ সংশোধনার্থে অত্র দলিলের পোষকতায় অপর কোন আইন বা নজির সম্মত দলিল তোমরা অথবা তোমাদের ওয়ারিশান গনের অনুকূলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিবার প্রয়োজন হইলে তোমাদের তলব মতে বিনা ওজরে করিয়া দিতে বাধ্য ও স্বীকৃত রহিলাম ॥

অত্র দানকৃত সম্পত্তির বর্তমান আনুমানিক মূল্য মং ২২,৭৮,০০০.০০ (বাইশ লক্ষ আটাত্তর হাজার) টাকা মাত্র ॥

অত্র সহ উক্ত দানকৃত সম্পত্তির নকশা সংযুক্ত করিয়া দেওয়া হইল, উহা অত্র দানপত্র দলিলের একাংশে বলিয়া গন্য হইবে ॥

(Presented by) Abhijit Bhowmick For Self and as Natural Guardian of Minor son Avishek Bhowmick

একান্দর্শে সুস্থ শরীরে, সরল মনে, স্বেচ্ছায় কাহারও বিনা অনুরোধে বা বিনা প্ররোচনায় স্বজ্ঞানে অত্র দলিল খানি পাঠ করিয়া ইহার মর্ম সম্যক উপলব্ধি করিয়া তোমাদের প্রতি আমার স্নেহ ভালোবাসার নিদর্শন স্বরুপ অত্র দানপত্র দলিলে সহি সম্পাদন ও রেজিষ্ট্রী করিয়া দিলাম ॥ ইতি তারিখ বাংলা ১৪২০ সনের ১৫ই শ্রাবণ ইংরাজী ২০১৩ সালের- ৯ই আগস্ট

## তপশীল দানকৃত সম্পত্তির পরিচয় ও চৌহদ্দী ::

জেলা উত্তর ২৪ পরগনা, সাবেক থানা- দমদম হাল নিমতা, সাব রেজিষ্ট্রী অফিস এ্যাডিসনাল ডিষ্ট্রীকট সাব রেজিষ্ট্রার কাশীপুর দমদমের এলাকাধীন কলিকাতা পরগনাস্হিত উত্তর দমদম পৌরসভার সাবেক ৭ হাল ৮ নং ওয়ার্ডের ৮(৯) নং হোল্ডিং যুক্ত ৮ নং ইষ্ট বেলঘরিয়া ফাষ্ট লেন, কোলকাতা- ৭০০ ০৮৩ প্রেমিসেসস্হিত মৌজা দক্ষিন নিমতা গ্রামে, জেঃ এলঃ নং- ৮, রেঃ সাঃ নং- ১০২, তৌজি নং- ১৭২ জং খং নং ৪২৭ আর. এস. খতিয়ান নং ৪২৮ রায়ত মোকররী স্বত্বীয় হারাহারী বার্ষিক খাজনা যোগ্য জমায় --

সি. এস. ৫৩৬৫ (পাঁচ হাজার তিন শত পঁয়ষট্টি) ও আর. এস. ৫৩৬৫/৮০৫৮ (পাঁচ হাজার তিন শত পঁয়ষট্টি বাটা আশি শত আটান্ন) নং দাগের অংশে আমি অত্র দানপত্র দলিলের দানপত্র দাতা আমার খরিদা ৪ নং প্লটে কমন প্যাসেজের অংশ সহ কমবেশী ৩ (তিন) কাঠা ২ (দুই) ছটাক বাস্তু জমি মায় তদুপরিস্হিত "জগবন্ধু ধাম" নামে পরিচিত ৪০ বৎসরের পুরাতন সিমেন্টের মেঝে যুক্ত দ্বিতল গৃহাদি যাহার একতলে ৭০০ বর্গফুট ও দ্বিতলে ৮০০ বর্গফুট কভারর্ড এরিয়া বিশিষ্ট গৃহাদী মায় উক্ত সম্পত্তির পশ্চিম পার্শ্বে ১৪'- ০" ফুট পৌরসভার রাস্তা ব্যবহারের যাবতীয় বর্ত্তস্বত্বাদি সমেত দরবস্ত হক হকুক উহাই

Signed by ⓢ Abhijit Bhadra For Self and as Natural Guardian of Minor Son Avishek Bhadra

অত্র দানকৃত সম্পত্তি হইতেছে॥ যাহা অত্র সাথ সংযুক্ত নকশায় লাল বর্ণের সীমারেখা দ্বারা প্রদর্শিত ও বেষ্টিত হইল॥ উহাতে কোন শরীক নাই॥

<u>দানকৃত সম্পত্তির চৌহদ্দী ঃঃ</u>

উত্তরে ঃঃ শ্রীমতী নন্দ রানী সাহা মহাশয়ার বাড়ী॥

দক্ষিনে ঃঃ মৃত প্রফুল্ল ভৌমিক মহাশয়ের বাড়ী॥

পুর্ব্বে ঃঃ মৃত নৃপেন ভট্টাচার্য্য মহাশয়ের বাড়ী॥

পশ্চিমে ঃঃ- ১৪'- ০" (চৌদ্দ) ফুট প্রশস্ত পৌরসভার রোড॥

আমি অত্র দানপত্র দলিলের গ্রহীতা দানকৃত সম্পত্তি সাদরে গ্রহন করিলাম॥

Abhijit Bhadra For Self and as Natural Guardian of Minor Son Avishek Bhadra

দানপত্র গ্রহীতার স্বাক্ষর ঃঃ

<u>দলিল প্রস্তুত কারক ঃঃ-</u>

Naba Kumar Ghosh.

শ্রী নব কুমার ঘোষ
(এ্যাডভোকেট)
শিয়ালদহ সিভিল কোর্ট, কলকাতা- ১৪,
এনরোলমেন্ট নং- WBBC No- 505/89

<u>বর্ণ সংস্থাপনে ঃঃ-</u>

Mallick
শ্রী নীলকমল মল্লিক
এ.ডি.এস.আর. কাশীপুর দমদম,
<u>টি. এল. নং- ১০৫৩৬২ অফ কে.এম. সি.</u>

<u>ইসাদী ঃঃ-</u>

১. Kalyan Mar
46 East Belgharia 1st Lane. Kol- 83

২. Prabir Kr Bhowmick
9 East Belgharia 1st Lane
cal- 83

GIFT PLAN OF LAND WITH 2(TWO) STORIED BUILDING AT HOLDING NO. 8(9) EAST BELGHORIA, 1ST LANE, KOLKATA: 700083, IN WARD NO. 8(NEW) 7-OLD, AT MOUZA: DAKSHIN NIMTA, J.L.NO. 8, R.S.NO.102, TOUZI NO. 172, PLOT NO.7, C.S. DAG NO. 5365, R.S. DAG NO. 5365/8058, UNDER JAMINDAR KHATIAN NO. 427, R.S. KHATIAN NO. 428, P.S. NIMTA, UNDER NORTH DUM DUM MUNICIPALITY, DIST: 24 PGS(N)


N O T E

TOTAL LAND AREA PLOT NO.7: 3K-2CH-0SFT(M/L)
(INCLUDING COM. PASSAGE)

TOTAL BUILDING COV. AREA OF GROUND FLOOR: 700 SFT(M/L)

TOTAL BUILDING COV. AREA ON 1ST FLOOR : 800 SFT(M/L)

TOTAL :1500 SFT(M/L)




(SIG. OF DONOR)

Abhijit Bhadra
For self and as Natural Guardian of Minor Son Arishek Bhadra

(SIG. OF DONEES)

SUSANTA DAS
REG. NO. VT-93/6163
CIVIL DRAUGHTSMAN

INSCRIBED BY
S. DAS.
30.07.13.

Addl. District Sub-Registrar
Cossipore, Dum Dum, 24 Pgs. (N)

01 AUG 2013

Government Of West Bengal
Office Of the A.D.S.R. COSSIPORE DUMDUM
District:-North 24-Parganas

## Endorsement For Deed Number : I - 09173 of 2013
## (Serial No. 10044 of 2013 and Query No. 1506L000017138 of 2013)

**On 01/08/2013**

**Presentation(Under Section 52 & Rule 22A(3) 46(1),W.B. Registration Rules,1962)**

Presented for registration at 21.58 hrs on :01/08/2013, at the Private residence by Abhijit Bhadra ,Claimant.

**Admission of Execution(Under Section 58,W.B.Registration Rules,1962)**

Execution is admitted on 01/08/2013 by

1. Bimal Chandra Bhadra, son of Late Jagabandhu Bhadra , 8 East Belghoria 1st Lane, Kolkata, Thana:-Nimta, P.O. :-Nandan Nagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700083, By Caste Hindu, By Profession : Retired Person
2. Abhijit Bhadra, son of Bimal Chandra Bhadra , 92, S B Roy Chowdhury Road, Kolkata, Thana:-Nimta, P.O. :-Nandan Nagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700083, By Caste Hindu, By Profession : Business

Identified By Amit Chakraborty, son of Late Brojeswar Chakraborty, 59 East Belghoria Bye Lane, Kolkata, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700083, By Caste: Hindu, By Profession: Business.

**Executed by guardian**

Execution is admitted by

1. Abhijit Bhadra, son of Bimal Chandra Bhadra , 92, S B Roy Chowdhury Road, Kolkata, Thana:-Nimta, P.O. :-Nandan Nagar, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700083 By Caste Hindu By Profession: Business,as the guardian of minor Avishek Bhadra

Identified By Amit Chakraborty, son of Late Brojeswar Chakraborty, 59 East Belghoria Bye Lane, Kolkata, District:-North 24-Parganas, WEST BENGAL, India, Pin :-700083, By Caste: Hindu, By Profession: Business.

( Utpal Kumar Basu )
A. D. S. R. COSSIPORE DUMDUM

**On 02/08/2013**

**Certificate of Admissibility(Rule 43,W.B. Registration Rules 1962)**

Admissible under rule 21 of West Bengal Registration Rule, 1962 duly stamped under schedule 1A, Article number : 33(i), 4 of Indian Stamp Act 1899. also under section 5 of West Bengal Land Reforms Act, 1955; Court fee stamp paid Rs.10/-

**Payment of Fees:**

Amount By Cash

**( Utpal Kumar Basu )**
**A. D. S. R. COSSIPORE DUMDUM**

Government Of West Bengal
Office Of the A.D.S.R. COSSIPORE DUMDUM
District:-North 24-Parganas

Endorsement For Deed Number : I - 09173 of 2013
(Serial No. 10044 of 2013 and Query No. 1506L000017138 of 2013)

Rs. 25072.00/-, on 02/08/2013

( Under Article : A(1) = 25058/- ,E = 14/- on 02/08/2013 )

**Certificate of Market Value(WB PUVI rules of 2001)**

Certified that the market value of this property which is the subject matter of the deed has been assessed at Rs.-22,78,125/-

Certified that the required stamp duty of this document is Rs.- 11411 /- and the Stamp duty paid as: Impresive Rs.- 5000/-

**Deficit stamp duty**


Deficit stamp duty Rs. 6420/- is paid , by the draft number 167745, Draft Date 02/08/2013, Bank : State Bank of India, DAKSHINESHWAR, received on 02/08/2013

( Utpal Kumar Basu )
A. D. S. R. COSSIPORE DUMDUM

( Utpal Kumar Basu )
A. D. S. R. COSSIPORE DUMDUM

PAGE NO. —

# SPECIMEN FORM FOR TEN FINGERPRINTS

| SL. No. | Signature of the Executants/ Presentants | | | | | |
|---|---|---|---|---|---|---|
| |  | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | |  | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| | |  | | | | |
| |  Afhijit Bhadra | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | |  | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| | |  | | | | |
| | | Little | Ring | Middle | Fore | Thumb |
| | | | (Left Hand) | | | |
| | | | | | | |
| | | Thumb | Fore | Middle | Ring | Little |
| | | | (Right Hand) | | | |
| | | | | | | |

*ificate of Registration under section 60 and Rule 69.*

**egistered in Book - I**
**CD Volume number 23**
**Page from 7281 to 7294**
**being No 09173 for the year 2013.**

**(Utpal Kumar Basu) 02-September-2013**
**A. D. S. R. COSSIPORE DUMDUM**
**Office of the A.D.S.R. COSSIPORE DUMDUM**
**West Bengal**